অসম বিধান সভা

উত্তৰ দানৰ তাৰিখ – ১৪/০৭/২০২৬

তৰা বিহীন প্ৰশ্ন নং : ৩১৪

বিষয় : JJM PHE Schemes not functioning properly in several areas.

বিধায়ক : শ্ৰীকিশোর নাথ :

**মাননীয় জনস্বাস্থ্য কারিগরী বিভাগের মন্ত্রী মহোদয়ে অনুগ্রহ করে জানাবেন কি:**

(ক) বড়খলা সমষ্টিসহ রাজ্যের বিভিন্ন এলাকায় জল জীবন মিশন (Jal Jeevan Mission) প্রকল্পের আওতায় বহু নতুন পানীয় জল সরবরাহ প্রকল্প নির্মাণ হলেও অনেকগুলো প্রকল্প এখনও কার্যকরভাবে চালু হয়নি। সরকার কি এই বিষয়ে অবগত আছেন?

(খ) রাজ্যে জল জীবন মিশনের আওতায় নির্মিত কতগুলি প্রকল্প বর্তমানে সম্পূর্ণ কার্যকর এবং কতগুলি এখনও অকার্যকর অবস্থায় রয়েছে?

(গ) যেসব প্রকল্প নির্মাণের পরও জনগণকে জল সরবরাহ করতে ব্যর্থ হয়েছে, সেগুলোর কারণ কী?

(ঘ) অকার্যকর প্রকল্পগুলো দ্রুত চালু করে জনগণকে নিয়মিত পানীয় জল সরবরাহ নিশ্চিত করতে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে?

(ঙ) সংশ্লিষ্ট প্রকল্পগুলোর গুণগত মান ও বাস্তবায়ন সংক্রান্ত অনিয়মের তদন্তের কোনো পরিকল্পনা সরকারের রয়েছে কি?

<u>উত্তৰ</u>

**জনস্বাস্থ্য কারিগরী বিভাগের মন্ত্রী মাননীয় শ্রীযুত কৃষ্ণেন্দু পাল মহোদয়ে উত্তর দিবেন।**

(ক) হ্যাঁ, সরকার এই বিষয়টি সম্পর্কে অবগত আছেন এবং পানীয় জল সরবরাহ প্রকল্পসমূহ কার্যকরভাবে চালু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

(খ) রাজ্যে জল জীবন মিশনের অধীনে মোট ২৭,৫৩০টি প্রকল্প রয়েছে। এর মধ্যে ১৯,৫৮৫টি প্রকল্পের নির্মাণ কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। সম্পন্ন হওয়া প্রকল্পগুলির মধ্যে বর্তমানে ১৫,৪০০টি প্রকল্প কার্যকর রয়েছে এবং ৪,১৮৫টি প্রকল্প এই মুহূর্তে অকার্যকর অবস্থায় আছে।

(গ) অকার্যকর প্রকল্পগুলিতে জল সরবরাহ না হওয়ার কারণগুলিকে স্থূলভাবে নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত করা যেতে পারে:

1. পাইপলাইন এবং বিতরণ নেটওয়ার্ক সংক্রান্ত সমস্যা: রাস্তা ও সেতু সম্প্রসারণের কারণে বিতরণ পাইপ ক্ষতিগ্রস্ত হওয়া, ভালভ লিক হওয়া ইত্যাদি এর অন্তর্ভুক্ত।
2. বিদ্যুৎ ও বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত সমস্যা: বিদ্যুৎ বিল পরিশোধ না করা, ট্রান্সফরমার নষ্ট হওয়া, এপিডিসিএল (APDCL) ক্যাবল ক্ষতিগ্রস্ত হওয়া, প্যানেল বোর্ডে বৈদ্যুতিক ত্রুটি, পাম্পের বৈদ্যুতিক স্টার্টারে সমস্যা, ভোল্টেজের ওঠানামা এবং বজ্রপাত এর অন্তর্ভুক্ত।
3. পাম্পিং এবং উৎস পরিকাঠামো সংক্রান্ত সমস্যা: পাম্পের বিকলতা, গভীর নলকূপের (Deep Tube Well) সমস্যা, ইএসআর (ESR) লিক হওয়া, সোলার প্যানেলের সমস্যা, ভূপৃষ্ঠের জলের উৎস শুকিয়ে যাওয়া, ইনটেক পয়েন্টে (Intake Point) অতিরিক্ত সিলটেশ্বন (siltation) জমা হওয়া এবং এফআরপি (FRP) ভেসেলে লিক হওয়া এর অন্তর্ভুক্ত।

4. প্রাকৃতিক দুর্যোগ এবং পরিবেশগত কারণ: প্রবল বন্যার সময় বার্জ (Barge) উল্টে যাওয়া, বন্যায় নিমজ্জিত হওয়া, বন্যার কারণে প্রকল্প এলাকা ক্ষয়প্রাপ্ত হওয়া এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে সতর্কমূলক ব্যবস্থা গ্রহণ করা এর অন্তর্ভুক্ত।

(ঘ) এই সমস্ত চ্যালেঞ্জ মোকাবিলা করতে এবং সুষম জল সরবরাহ নিশ্চিত করতে সরকার নিম্নলিখিত পদ্ধতিগত ব্যবস্থা গ্রহণ করেছে:

- অকার্যকর প্রকল্পগুলিকে পুনরায় সচল করার জন্য, ক্যাবিনেট (Cabinet) পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের ১৫তম বিত্ত কমিশনের (15th Finance Commission - Tied Grant) তহবিল ব্যবহারের অনুমোদন দিয়েছে (বিজ্ঞপ্তি নং: PDA 193/2021/7, তারিখ: 09/02/2022 অনুযায়ী)। সেই অনুযায়ী, গাঁও পঞ্চায়ত, আঞ্চলিক পঞ্চায়ত এবং জেলা পরিষদের জন্য নির্ধারিত আর্থিক স্তর (৫ লক্ষ টাকার নিচে) ভিত্তিক তহবিল বরাদ্দের মাধ্যমে নিয়মিত মেরামত কাজ চালানো হচ্ছে (O & M SOP E-742017/I/1425840/2026, তারিখ: 06/0/2026 অনুযায়ী)। মেরামত ও রক্ষণাবেক্ষণের খরচ ৫ লক্ষ টাকার বেশি হলে, সংশ্লিষ্ট জেলা জল ও স্যানিটেশন কমিটি (DWSM) কর্তৃক রাজ্য বাজেটের অধীনে বিবেচনার জন্য প্রস্তাব পাঠাতে হবে।
- তাছাড়া, বিজ্ঞপ্তি নং: 635091/45 (তারিখ: 07/02/2026) অনুযায়ী, 09/08/2024 তারিখের পর রাস্তা নির্মাণ কাজ বা ইউটিলিটি স্থানান্তরের (Utility Shifting) কারণে ক্ষতিগ্রস্ত জল সরবরাহ প্রকল্পগুলির স্থানান্তর, পুনরুদ্ধার এবং মেরামতের সমস্ত খরচ বহন করার দায়িত্ব Public Works Department গ্রহণ করেছে।

(ঙ) হ্যাঁ। জল জীবন মিশনের (JJM) অধীনে কাজের গুণগত মান সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলেই সার্কেল (Circle) পর্যায়, জোনাল (Zonal) পর্যায় এবং চিফ্ ইঞ্জিনিয়ার (Chief Engineer) কার্যালয়ের সিনিয়র ইঞ্জিনিয়ারদের দ্বারা বিষয়টি যথাযথভাবে খতিয়ে দেখা ও পরিদর্শন করা হয়। পরিদর্শনের ফলাফলের ওপর ভিত্তি করে প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট প্রকল্পগুলির বাস্তবায়নে অনিয়ম রোধ এবং কাজের গুণগত মান নিশ্চিত করতে সরকার একটি বহুমাত্রিক তদারকি ও পর্যবেক্ষণ ব্যবস্থা চালু করেছে। এর মধ্যে রয়েছে :

1) স্বাধীন গুণগত মান পর্যবেক্ষণের জন্য তালিকাভুক্ত সংস্থাগুলির (Empanelled Agencies) মাধ্যমে তৃতীয় পক্ষ পরিদর্শন (Third Party Inspection)।

2) প্রয়োজনীয় সিআইপিইটি (CIPET) চার্টিফিকেট পাওয়ার পরেই কেবল পাইপের মতো প্রত্যয়িত সামগ্রী ব্যবহার করা।

3) সংশ্লিষ্ট আইএস কোড (IS Codes) এবং বিভাগীয় স্পেসিফিকেশন অনুযায়ী কংক্রিটের গুণগত মান এবং নির্দিষ্ট গ্রেড নিশ্চিত করতে কংক্রিট কিউব টেস্টিং (Concrete Cube Testing)।

4) প্রকল্পগুলির ৫-স্তরীয় পরিদর্শন এবং পর্যবেক্ষণ ব্যবস্থা:

a)সেকশন অফিসার (Section Officer)

b) এইই (AEE)

c) ইই (EE)

d) সার্কেল, জোনাল পর্যায় এবং সদর দপ্তরের ইঞ্জিনিয়ারদের দ্বারা প্রকল্পগুলির পর্যায়ক্রমিক পরিদর্শন ও পর্যালোচনা।

e)জেলা প্রশাসন (District Administration)